

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd



ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় মোট ১২৯.৯০১ কিলোমিটার (উড়াল ৬৮.৭২৯ কিলোমিটার এবং পাতাল ৬১.১৭২ কিলোমিটার) দীর্ঘ ও ১০৫টি স্টেশন (উড়াল ৫২টি এবং পাতাল ৫৩টি) বিশিষ্ট একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে।

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

ক্রম	এমআরটি লাইনের নাম	পর্যায়	সম্ভাব্য সমাপ্তির সাল	ধরণ
১.	এমআরটি লাইন-৬	প্রথম	২০২৪	উড়াল
২.	এমআরটি লাইন-১	দ্বিতীয়	২০২৬	উড়াল ও পাতাল
৩.	এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট		২০২৮	
৪.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	তৃতীয়	২০৩০	
৫.	এমআরটি লাইন-২			
৬.	এমআরটি লাইন-৪			উড়াল

MRT Line-5: Northern Route

২০২৮ সালের মধ্যে হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত পাতাল ও উড়াল সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ (পাতাল ১৩.৫০ কিলোমিটার এবং উড়াল ৬.৫০ কিলোমিটার) ও ১৪টি স্টেশন (পাতাল ৯টি এবং উড়াল ৫টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route এর Feasibility Study ও Basic Design সম্পন্ন হয়েছে। বিভিন্ন সার্ভে, Detailed Design ও ভূমি অধিগ্রহণের কাজ চলছে। Detailed Design এর অগ্রগতি ৩৮.০০%। ঢাকা জেলার সাভার উপজেলার বিলামালিয়া ও কোন্ডা মৌজায় প্রথম পর্যায় ৪০.১৮২২ হেক্টর ভূমি অধিগ্রহণের নিমিত্ত গত ১১ আগস্ট ২০২১ তারিখ যৌথ তদন্ত সম্পন্ন হয়েছে। যৌথ তদন্তের ফিল্ড বুক উল্লিখিত জমির শ্রেণি ও স্থাপনার বিষয়ে দাখিলকৃত আপত্তিসমূহের শুনানী বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা কর্তৃক নিষ্পত্তি করা হয়েছে। ভূমি অধিগ্রহণের প্রস্তাব চূড়ান্ত অনুমোদনের জন্য ভূমি মন্ত্রণালয়ে প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। ভূমি অধিগ্রহণ কার্যক্রমের অগ্রগতি ৪৩.৬০%। এই রুটেই ঢাকার প্রথম পূর্ব-পশ্চিম MRT Corridor নির্মাণ করা হচ্ছে।